Australian Government
Department of Home Affairs

# ডিজিটাল যাত্রী ঘোষণা

## সংক্ষিপ্ত বিবরণ

আকাশপথে অস্ট্রেলিয়ায় আসা সকল যাত্রীকে অবশ্যই DPD পূরণ করতে হবে। আপনি আপনার ফ্লাইটের সাত দিন আগে আপনার DPD শুরু করতে পারেন, তবে আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে ছেড়ে যাওয়ার পূর্বে এটি জমা দিতে হবে। প্রস্থান করার পূর্বে যেসকল যাত্রী DPD পূরণ করবেন না তারা অস্ট্রেলিয়ায় আগমনের সময় অপ্রয়োজনীয় বিলম্বের মুখোমুখি হতে পারেন।

DPD পূরণ করার সময় আপনাকে যা করতে হবে তা হলো:

- অস্ট্রেলিয়ায় যোগাযোগের ফোন নম্বর সহ আপনার যোগাযোগের বিস্তারিত তথ্য প্রদান করতে হবে
- আপনার টিকাদানের অবস্থার একটি আইনগতভাবে বাধ্যতামূলক ঘোষণাপত্র পূরণ করতে হবে
- আপনার ভ্রমণের সর্বশেষ 14 দিনের ইতিহাস সম্পর্কে একটি ঘোষণা দিতে হবে
- আপনি কোয়ারেন্টিন ও পরীক্ষার বাধ্যবাদকতা সম্পর্কে অবহিত থাকার বিষয়ে একটি ঘোষণা দিতে হবে, যা অস্ট্রেলিয়ায় আসার পরে এবং আপনি যে স্টেট বা টেরিটরিতে অবতরণ করেন সেখানে এবং লঙঘন করা হলে জরিমানা প্রযোজ্য হবে।

**দ্রষ্টব্য:** আপনি আপনার DPD সম্পন্ন করার পরে, অস্ট্রেলিয়ায় ভ্রমণ সম্পর্কিত অন্য সকল পূর্বশর্ত দেখে নিন। ভ্রমণের পূর্বে আপনার যেসকল কাগজপত্রের প্রয়োজন হবে তার একটি তালিকার জন্য, টিকা গ্রহণকারী ভ্রমণকারী এবং টিকা না গ্রহণকারী ভ্রমণকারী-দের জন্য প্রদত্ত তথ্য দেখুন।

## জরিমানা ও বাস্তবায়ন

DPD সংকটপূর্ণ স্বাস্থ্য বিষয়ক তথ্য চায়। বিমানে আরোহণের পূর্বেই গুরুত্বপূর্ণ তথ্য সম্পন্ন হওয়ার ব্যাপারে আপনাকে অবশ্যই প্রমাণ দেখাতে সক্ষম হতে হবে। এটি একটি বাস্তবায়নযোগ্য পূর্বশর্ত। যেসকল ব্যক্তি এই চাহিদা পূরণ করতে সক্ষম নন, তারা 30 পেনাল্টি ইউনিট (বর্তমানে $6,660

AUD) দেওয়ানি শাস্তি (জরিমানা) পেতে পারেন। এটি বায়োসিকিউরিটি অ্যাক্ট 2015 (Biosecurity Act 2015)-এর অনুচ্ছেদ 46-এ নির্ধারণ করা আছে।

**অস্ট্রেলিয়ান সরকারের কাছে মিথ্যা বা বিভ্রান্তিকর তথ্য প্রদান করা একটি গুরুতর অপরাধ। দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ সাজা 12 মাসের কারাবাস।**

গণ স্বাস্থ্য বিষয়ক আদেশ মেনে নেওয়া নিশ্চিত করার জন্য স্টেট ও টেরিটরিগুলোও শাস্তি দিতে পারে। এতে COVID-19-এর পরীক্ষা এবং সেলফ-আইসোলেশন বা কোয়ারেন্টিনের পূর্বশর্ত অন্তর্ভুক্ত থাকতে পারে। আপনি প্রবেশ করার পরে যেকোনো পূর্বশর্ত সহ অন্যান্য বিষয় না মেনে চললে আপনাকে কারাদন্ড এবং উল্লেখযোগ্য জরিমানা বা গুরুতর শাস্তি প্রদান করা হতে পারে। শর্তাবলী স্বল্প সময়ের নোটিশে পরিবর্তিত হতে পারে। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

**ভিসা রয়েছে অস্ট্রেলিয়ায় আসা এমন ব্যক্তিদের ভিসা বাতিল করা হতে পারে এবং আটক করে অপসারণ করা হতে পারে যদি তারা:**

- **অস্ট্রেলিয়ার সীমান্তে প্রবেশের শর্তাবলী অনুযায়ী আন্তর্জাতিক ভ্রমণের উদ্দেশ্যে সম্পূর্ণরূপে টিকাপ্রাপ্ত না হয়; বা**
- **অস্ট্রেলিয়ান সরকার কর্তৃক সংজ্ঞায়িত কোনো COVID-19 ভ্যাকসিনের বিপরীতে কোনো প্রতিলক্ষণ (Contraindication) না থাকে; বা**
- **কোনো *অব্যাহতিপ্রাপ্ত শ্রেণির* মধ্যে না পড়ে বা কোনো ব্যক্তিগত ভ্রমণ অব্যাহতি থাকে।**

## আপনার ঘোষণা সম্পন্ন করুন

App Store (Apple) বা Google Play store (Android) থেকে Australia Digital Passenger Declaration মোবাইল অ্যাপটি ডাউনলোড করে বিনামূল্যে ব্যবহার করুন।

আপনি যদি মোবাইল অ্যাপটি ব্যবহার করতে না পারেন, তবে আপনি DPD অনলাইন ফর্ম (DPD online form) ব্যবহার করে আপনার DPD জমা দিতে পারবেন।

আপনাকে একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে যেখানে আপনার বর্তমান ও ভবিষ্যৎ ঘোষণাপত্রগুলো এক জায়গা থেকে পরিচালনা করতে পারবেন।

## আপনার ঘোষণার শুরু

আপনাকে DPD-র জন্য কোনো অর্থ দিতে হবে না - এটি বিনামূল্যে।

আপনি আপনার ঘোষণা শুরু করার পূর্বে, নিম্নলিখিত তথ্যাবলি প্রস্তুত করুন:

- ফ্লাইট নম্বর
- বৈধ পাসপোর্ট
- ভ্রমণের ইতিহাস (ফ্লাইটের 14 দিন পূর্বে)
- গন্তব্যস্থল এবং কোয়ারেন্টিনের বন্দোবস্ত (প্রয়োজন হলে)

- কোভিড-19 টিকা গ্রহণের রেকর্ড বা আপনি যে স্বাস্থ্যগত কারণে টিকা গ্রহণে সক্ষম নন সে বিষয়ে গ্রহণযোগ্য প্রমাণ।

প্রতিটি যাত্রীকে DPD সম্পন্ন করতে হবে। 16 বছরের কম বয়সী যেকোনো শিশুর জন্য ঘোষণাপত্র পিতামাতা বা অভিভাবকগণ পূরণ করবেন। 16 বছর বা তার বেশি বয়সী যেকোনো ব্যক্তিকে নিজেই তার ঘোষণা পূরণ করতে হবে।

আপনাকে অবশ্যই অস্ট্রেলিয়ার উদ্দেশ্যে প্রস্থান করার পূর্বে DPD পূরণ করতে হবে।

## আপনার ডিজিটাল যাত্রী ঘোষণার ফলাফল

সম্পন্ন করা একটি DPD অস্ট্রেলিয়ায় আপনার প্রবেশের ব্যাপারে নিশ্চয়তা দেয় না।

আপনি DPD জমা দেওয়ার পরে, আপনি একটি সারসংক্ষেপ স্ক্রিন দেখতে পাবেন যা আপনাকে ফ্লাইটে আরোহণের পূর্বে বিমান কর্মীকে অবশ্যই দেখাতে হবে (ইলেকট্রনিক কপি বা মুদ্রিত কপি)। আপনি যখন অস্ট্রেলিয়ায় প্রবেশ করবেন তখনও আপনাকে এটি দেখাতে হবে।

আপনি যখন আপনার ফ্লাইটের জন্য চেক ইন করবেন তখন বিমান কর্মী আপনার স্বাস্থ্যের অবস্থা পর্যালোচনা করবেন। আপনার DPD আপনার স্বাস্থ্যের অবস্থাকে যেকোনো একটি অবস্থায় দেখাবে:

- **সম্পূর্ণ**: আপনি আপনার ঘোষণায় যে তথ্য দিয়েছেন তা নির্দেশ করে যে বিমানে আরোহণের জন্য আপনি COVID-19 সম্পর্কিত স্বাস্থ্য বিষয়ক পূর্বশর্ত পূরণ করেন। তখনও আপনাকে চেক-ইনে আপনার কাগজপত্র দেখাতে হবে। আপনার ফ্লাইটে আরোহণ করার জন্য আপনার এয়ারলাইন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে।
- **অসম্পূর্ণ**: আপনি আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য জমা দেননি। ডিজিটাল যাত্রী ঘোষণায় স্বাস্থ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যের অনুরোধ করে। বিমানে আরোহণের পূর্বেই স্বাস্থ্য সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সম্পন্ন হওয়ার ব্যাপারে আপনাকে অবশ্যই প্রমাণ দেখাতে সক্ষম হতে হবে।
- **চেক-ইনে নিশ্চিতকরণ প্রয়োজন**: এর অর্থ হলো, আপনি অস্ট্রেলিয়ায় ভ্রমণের ব্যাপারে পূর্বশর্ত পূরণ করেননি। আপনাকে চেক-ইনে তা নিশ্চিত হতে হবে। আপনি ভ্রমণ করতে পারবেন কি না সে বিষয়ে আপনার এয়ারলাইন সিদ্ধান্ত গ্রহণ করবে। যদি এয়ারলাইন আপনাকে অস্ট্রেলিয়ায় ভ্রমণ করার সুযোগ দেয়, তবে আপনাকে আগমনের পরে কোয়ারেন্টিন করার প্রয়োজন হতে পারে। আপনি আপনার DPD শুরু করার পূর্বে, আপনাকে স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট দেখে নিতে হবে। যাত্রীগণ যখন অস্ট্রেলিয়ায় আসবেন তখন তাদেরকে স্বাস্থ্য সম্পর্কিত যেসকল গুরুত্বপূর্ণ নিয়মকানুন মেনে চলতে হবে তার বিস্তারিত এখানে দেওয়া আছে।

যাত্রীগণ যেসকল স্টেট ও টেরিটরিতে ভ্রমণ বা ট্রানজিট করবেন সেখানকার বন্দোবস্ত অবশ্যই পরীক্ষা করে নেবেন। অস্ট্রেলিয়ার প্রতিটি স্টেট ও টেরিটরির পূর্বশর্তগুলো ভিন্ন ভিন্ন। আরও তথ্যের জন্য স্টেট ও টেরিটরিতে আগমনের শর্তাবলী দেখুন।

## সহায়তা

যদি আপনার DPD সম্পন্ন করতে আপনার সাহায্যের প্রয়োজন হয়, তবে সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখুন।